

প্রেস রিলিজ

২৭ এপ্রিল ২০২৪

বাউবিতে শিক্ষাক্রমের কর্মশালা

জ্ঞানভিত্তিক শিক্ষাক্রমের বিকল্প নেই

- বাউবি উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুলের উদ্যোগে "জাতীয় শিক্ষাক্রমের সঙ্গে উন্মুক্ত ও দূরশিক্ষণ পদ্ধতির সামঞ্জস্য বিধান" শীর্ষক এক কর্মশালা ২৭ এপ্রিল ২০২৪, শনিবার গাজীপুর ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাবিনা ইয়াসমিনের সভাপতিত্বে এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। তিনি বলেন, আমাদের দেশে চাকুরি ও পড়াশোনার ধরনের মধ্যে বিস্তর ফারাক লক্ষণীয়। আমাদের পরীক্ষা পদ্ধতি, প্রশ্নপত্র, জ্ঞানার্জন ও মূল্যায়ন নিয়ে নতুন করে ভাবতে হবে। উত্তর চাওয়া নয়, প্রশ্নবান হিসেবে গড়তে হবে শিক্ষার্থীদের। মূলত, জ্ঞানভিত্তিক শিক্ষাক্রমের বিকল্প নেই। উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে গবেষণায় জোর দিতে হবে। বাউবির ওপেন স্কুলে এসএসসি এবং এইচএসসি প্রোগ্রামের শিক্ষাক্রম মূল্যায়ন পদ্ধতিতে শিক্ষার্থীর জ্ঞানের মূল্য যাচাইয়ের উপর গুরুত্ব আরোপ করেন উপাচার্য। এজন্য তিনি জাতীয় শিক্ষাক্রম এবং পাঠ্যপুস্তক বোর্ডের সাথে সামঞ্জস্য রেখে শিক্ষাক্রম প্রণয়ন করার নির্দেশনা প্রদান করেন।



কর্মশালায় বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন। রিসোর্সপার্সন হিসেবে ছিলেন জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের সদস্য অধ্যাপক মো. মশিউজ্জামান এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউটের অধ্যাপক ড. এম তারিক আহসান। অনুষ্ঠান সঞ্চালনা করেন ওপেন স্কুলের শিক্ষক মো. আনোয়ারুল ইসলাম। ধন্যবাদ জ্ঞাপন করেন মানবিক বিষয়ক কারিকুলাম কমিটি ও সমন্বয়কারী (এসএসসি প্রোগ্রাম) এমএস মেহেরীন মুনজারীন রত্না। এই কর্মশালায় মোট ৩৯ জন শিক্ষক অংশগ্রহণ করেন।

স্বাক্ষর

ড. আ ফ ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)